

এম আলী ফ্রী মেডিকেল সেন্টার,,,

সুহেনা আক্তার হেনা

তোমাকে লিখবো বলে একখানি চিঠি

কতোবার দ্বারস্তু হয়েছি আমি

গীতিকবিতার,

কতোদিন মুখস্তু করেছি এই নদীর

কল্লোল

কান পেতে শুনেছি ঝর্ণার গান,

উদ্ভিদের কাছে নিয়েছি শব্দের পাঠ;

তোমাকে লিখবো বলে একখানি চিঠি

সংগ্রহ করেছি আমি ভোরের শিশির,

তোমাকে লেখার মতো প্রাঞ্জল ভাষার জন্য


সবুজ বৃক্ষের কাছে জোড়হাতে দাঁড়িয়েছি আমি-

ঘুরে ঘুরে গুহাগাত্র থেকে নিবিড় উদ্ধৃতি সব

করেছি চয়ন;

তোমাকে লিখবো বলে জীবনের গুঢ়তম চিঠি

হাজার বছর দেখো কেমন লেখেছি এই লেখা।।



#ধন্যবাদ\_মিস\_সুহেদা\_আক্তার।

#অনুভূতির\_বহিপ্রকাশ।

বহরগ্রাম কে বহর করে গোলাপগঞ্জের 'গোলাপ' যেনো সুবাসিত করছে নদীর পারে গড়ে উঠা ব্যতিক্রমী এক প্রতিষ্ঠান "মুফজিল আলী ফ্রি মেডিকেল সেন্টার "

আমার দেখা সবুজের সমারোহে ফুলেল পরিবেশ টা বড় ই মুগ্ধকর।।

এত পরিপাটি এত সু শৃঙ্খল একটি পরিবেশ প্রত্যন্ত অঞ্চলে জন্য একটা চ্যালেঞ্জ,, আমাকে সত্যি ই ভাবায়। মেধায় মননে চিন্তা চেতনায় যার সব চেয়ে বেশি অবদান তিনি আর কেউ নয় তিনি হলেন মানবিক ব্যক্তিত্বের অধিকারী জনাব আলহাজ্ব আব্দুল ওয়াদুদ কলা, উনার প্রতি হাজারো সালাম ও অবিন্যস্ত অভিবাদন।

আর আরো বেশি ভালো লেগেছে এখানকার কর্মরত সকল অর্গানাইজার দের যারা বাস্তবতার সাথে মিশে মানব সেবার কাজে সম্পৃক্ত, তাদের আচরনে শুধু ই আন্তরিকতায় ভরপুর। সবাই কে অসংখ্য ধন্যবাদ আমাকে সহযোগিতা করার জন্য।।

মুফজিল আলী ফ্রি মেডিকেল সেন্টারের জন্য অনেক অনেক শুভ কামনা।

